


‘গুপ্ত রাজনীতির’ বিরুদ্ধে ববিতে ছাত্রদলের দেয়াল লিখন

ববি প্রতিনিধি



ছবি : কালের কণ্ঠ

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের ‘গুপ্ত রাজনীতি’ পরিহার করে প্রকাশ্য ও সুস্থ ধারার রাজনীতিতে ফিরে আসার আহ্বান জানিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) দেয়াল লিখন কর্মসূচি পালন করেছে শাখা ছাত্রদল।

বুধবার (২২ এপ্রিল) বিকেল ৩টায় বিশ্ববিদ্যালয়ের ১ নম্বর গেটের ভেতরে ও বাইরে প্রাচীরে দেয়াল লিখনের মাধ্যমে কর্মসূচি পালন করেন সংগঠনটির নেতাকর্মীরা। এ সময় তারা বিশ্ববিদ্যালয়ের প্রাচীর দেয়ালে ‘গুপ্ত রাজনীতি নিপাত যাক’ স্লোগান লেখেন।

দেয়াল লিখনে অংশ নেওয়া লোক প্রশাসন
বিভাগের শিক্ষার্থী ও ছাত্রদল কর্মী মো. আবদুর
রহীম বলেন, ‘৫ আগস্ট-পরবর্তী সময়ে
ইতিবাচক ছাত্ররাজনীতির প্রত্যাশা থাকলেও
একটি সংগঠন গোপনে থেকে বিভ্রান্তি ও
অস্থিরতা তৈরির চেষ্টা করছে, যা অনাকাঙ্ক্ষিত।

’তিনি আরো বলেন, এ ধরনের কর্মকাণ্ড
ছাত্ররাজনীতিকে কলুষিত করছে এবং
গণতান্ত্রিক পরিবেশের জন্য হুমকি। আমরা এর
তীব্র নিন্দা জানাই এবং সংশ্লিষ্টদের সুস্থ ধারার
রাজনীতিতে ফিরে আসার আহ্বান জানাই।’

দেয়াল লিখনে অংশ নেওয়া ছাত্রদল কর্মী
তানজিল আজাদ বলেন, ‘বিভিন্ন সময়ে
ইসলামী ছাত্রশিবির গুপ্তভাবে হামলা,
অনলাইনে ভুয়া তথ্য প্রচার এবং দেশের
রাজনৈতিক পরিস্থিতি অস্থিতিশীল করার
অপচেষ্টায় লিপ্ত রয়েছে। দেয়াল লিখনের
মাধ্যমে তাদের সুস্থ রাজনৈতিক ধারায় ফিরে
আসার আহ্বান জানাচ্ছি।

একই সঙ্গে বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা
ছাত্রশিবিরকে তাদের কমিটি প্রকাশ এবং গুপ্ত

রাজনীতি পরিহারের দাবি জানাই।

বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক বলেন, ‘ক্যাম্পাসে গোপন তৎপরতা, সন্ত্রাস ও ষড়যন্ত্রমূলক রাজনীতির কোনো স্থান নেই। বিশ্ববিদ্যালয় হবে জ্ঞানচর্চা, গণতন্ত্র ও শিক্ষার্থীদের অধিকার প্রতিষ্ঠার জায়গা। যারা গোপন এজেন্ডা নিয়ে ক্যাম্পাসের শান্তি নষ্ট করতে চায়, তাদের বিরুদ্ধে সাংগঠনিক, প্রশাসনিক ও আইনগতভাবে প্রতিরোধ গড়ে তোলা হবে।

তিনি স্বচ্ছ, ইতিবাচক ও দেশপ্রেমভিত্তিক ছাত্ররাজনীতির ওপর গুরুত্বারোপ করেন, যেখানে শিক্ষার্থীদের নিরাপত্তা, দাবি ও উন্নয়নই হবে প্রধান অঙ্গীকার।’

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সভাপতি মোশাররফ হোসেন বলেন, ‘৫ আগস্ট-পরবর্তী সময়ে দেশের বিভিন্ন ক্যাম্পাসকে অস্থিতিশীল করার লক্ষ্যে ছাত্রশিবির গুপ্ত কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তাদের এই অপতৎপরতার বিরুদ্ধে আমাদের কর্মসূচি অব্যাহত থাকবে। সকল শিক্ষার্থীকে সাথে নিয়ে গুপ্ত অপতৎপরতা রুখে দেওয়া হবে।’

প্রসঙ্গত, গত ২১ এপ্রিল চট্টগ্রামের সরকারি
সিটি কলেজে গ্রাফিতিতে ‘ছাত্র’ শব্দ মুছে ‘গুপ্ত’
শব্দ লেখাকে কেন্দ্র করে ছাত্রদল ও
ছাত্রশিবিরের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের
ঘটনা ঘটে।

মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত
দফায় দফায় সংঘর্ষে উভয় পক্ষের অন্তত ১০
জন আহত হন।